দৈনিক
ইত্তেফাক

11 MAR 2016
তারিখ ... 10 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ

আমি আমার ২২ বছরের শিক্ষকতা জীবনসহ মোট ৪৬ বছর ধরে দেশের গ্রাম-গঞ্জের এমপিওভুক্ত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রাত্যহিক সময়সূচি যা দেখে আসছি তা হলো—সপ্তাহে একদিন সাপ্তাহিক ছুটি যা বর্তমানে প্রতি শুক্রবার এবং একদিন অর্ধ-সাপ্তাহিক ছুটি (প্রতি বৃহস্পতিবার)সহ অন্য দিনগুলোতে সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ক্লাস চলে। এ সময়সূচির মধ্যে প্রতিদিন সকাল ১০টা থেকে ১০টা ২০মিনিট পর্যন্ত ছাত্রছাত্রী ও শিক্ষকদের সমন্বয়ে জাতীয় সংগীত পরিবেশন ও ছাত্রছাত্রীদের নানা শারীরিক কসরত করানো হয়। এরপর সকাল ১০টা ২০ মিনিট থেকে বিকেল ৪টা পর্যন্ত দুপুরে বিরতিসহ পর্যায়ক্রমে পাঠদান চলে। কিন্তু অতি সম্প্রতি লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে সকাল সাড়ে ৯টা থেকে সকল শিক্ষক ও ছাত্রছাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণে প্রধানশিক্ষকদের মৌখিকভাবে বলছেন যে, জাতীয় সংগীত পরিবেশন ও ছাত্রছাত্রীদের শারীরিক কসরত করানো বিদ্যালয়ের সময়সূচির আওতায় পড়ে না। তিনি প্রতিদিন সকাল ১০টার আগেই ক্লাস শুরু করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা আছে বলে জানাচ্ছেন। তাই তিনি আর নতুন করে কোনো পত্র ইস্যু করবেন না। অথচ শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট ঘাঁটাঘাঁটি করে এ ধরনের কোনো নির্দেশনামূলক পত্র